

অস্ট্রেলিয়ায় নির্বাচন ২১ আগস্ট: লেবার ও লিবারেল মুখোমুখি

মোহাম্মদ আলী বোখারী, অস্ট্রেলিয়া থেকে ফিরে কানাডা থেকে

দিন যতই ঘনিষে আসছে ২১ আগস্ট অস্ট্রেলিয়ায় অনুষ্ঠিতব্য সাধারণ নির্বাচনে দুই প্রধান প্রতিদ্বন্দ্বি ক্ষমতাসীন লেবার ও প্রতিপক্ষ লিবারেল পার্টি ভোটারদের ভোট অর্জনে ক্রমশ তৎপর হয়ে ওঠেছে। এখন ভোটের পাশাপাশি ভোটারদের সহানুভূতি অর্জনে তারা ফুলঝুড়ির মতো প্রতিশ্রুতি দিচ্ছে। যেন গ্রহণযোগ্যতার মানদণ্ডে কেউ পিছিয়ে থাকতে রাজি নয়।

ইতিমধ্যে ব্রিটেনের রাণী দ্বিতীয় এলিজাবেথের যে ঘোলটি সাম্রাজ্য বা দেশ বিশ্বে আছে, তাতে উল্লেখযোগ্যভাবে কানাডা ও ব্রিটেনে রক্ষণশীলরা ক্ষমতাসীন হওয়ায় অস্ট্রেলিয়াতেও সে সম্ভাবনাটি তীব্রতর হচ্ছে। নিজের দলের অতি জনপ্রিয় প্রধানমন্ত্রী কেভিন রাড-কে সরিয়ে উদারপন্থী লেবার দলের জুলিয়া গিলার্ড প্রধানমন্ত্রীত্ব গ্রহণ শেষে এ নির্বাচন সহসা ঘোষণা দেয়ায় আশংকাটি প্রবল দানা বেঁধেছে।

এতে এই নির্বাচনে অর্থনৈতিক ব্যবস্থাপনা, পররাষ্ট্রনীতি, জলবায়ু, জনসংখ্যা ও সীমান্ত রক্ষার বিষয়টি যেমন গুরুত্ববহ হয়ে ওঠেছে, তেমনি জনস্বাস্থ্য বা মেডিকেলসহ সামাজিক ন্যায় বিচার, তথ্য-প্রযুক্তিগত উৎকর্ষতা, অন্যান্য অবকাঠামোগত উন্নয়ন, কর্মসংস্থান ও শরণার্থী নীতি সংক্রান্ত বিষয়গুলো যথেষ্ট প্রাধান্য পেয়েছে।

স্বাস্থ্য খাতে প্রতিপক্ষ লিবারেল দলীয় নেতা টনি এ্যাবট ২৮০০ বেডের পরিবর্তে ৭০০ নতুন বেড সংযোজনসহ হাসপাতালের ৪০ শতাংশ ব্যয় নির্বাহের প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন। এক্ষেত্রে লেবার দলীয় জুলিয়া গিলার্ডের প্রতিশ্রুতি হচ্ছে ৬০ শতাংশ। লেবার দলের প্রত্যাশা ৪ দশমিক ৭ বিলিয়ন ডলার ব্যয়ে ব্রিসবেন থেকে মেলবোর্ন অবধি ১৭০০ কিলোমিটারের আন্ত-পরিবহনীয় রেল ব্যবস্থার বাস্তবায়ন। একইসাথে ব্রিসবেন থেকে মেলবোর্ন পর্যন্ত ২০ মিলিয়ন ডলার ব্যয়ে বর্তমানের ঘন্টায় ৩৫০ কিলোমিটার অতিক্রান্ত যাত্রীবাহী রেলওয়ের আরও উন্নত সংস্কার সাধন। এক্ষেত্রে লিবারেলও অনুরূপ প্রতিশ্রুতি ব্যক্ত করেছে। লিবারেল চাইছে, ২০১৬ সালের মধ্যে লেবার দলের প্রতিশ্রুত ন্যাশনাল ব্রডব্যান্ড নেটওয়ার্কের পরিবর্তে ৬ বিলিয়ন ডলার ব্যয়ে ৯৭ শতাংশ জনবসতিকে সেকেন্ড প্রুতি ১২ থেকে ১০০ মেগাবাইট ক্ষমতা সম্পন্ন ইন্টারনেট সংযোগ প্রদান। জুলিয়া গিলার্ডের প্রতিশ্রুতি হচ্ছে, তার সরকার পুনর্নির্বাচিত হলে ১৬ মিলিয়ন ডলার ব্যয়ে পেশাজীবীদের শিক্ষকতায় উৎসাহিত করা, যাতে তারা ক্লাসরুমের দুই বছরের অভিজ্ঞতা শেষে ৮ সপ্তাহের বিশেষ প্রশিক্ষণ লাভে বাস্তবসম্মত শিক্ষকতায় উদ্বুদ্ধ হয়। কিন্তু লিবারেল কোয়ালিশন নেতা টনি এ্যাবট লেবার দলকে পরাস্ত করতে যে কৌশলটি নির্বাচনী প্রচারণায় কাজে লাগিয়েছেন তা হচ্ছে, লেবার দলের অতীত লগ্নি বা ঋণ। বলা হচ্ছে, লেবার সরকার প্রতিদিনই অস্ট্রেলিয়াকে ১০০ মিলিয়ন ডলারের ঋণে নিপতিত করছে; এই ঋণ অর্থহীন ও অপচয়পূর্ণ।

তবে সব কিছুকে ছাড়িয়ে এই নির্বাচনে অস্ট্রেলিয়ায় অভিবাসী জনগোষ্ঠীর দুর্ভাবনার কারণটি অন্যত্র। আপাতদৃষ্টিতে প্রধান দুই রাজনৈতিক দলই দেশটির জনসংখ্যার বিস্তারণ রোধে বন্ধপরিকর। সরকারী এক রিপোর্টে প্রকাশ, ২০৫০ সাল নাগাদ অস্ট্রেলিয়ার জনসংখ্যা হবে ৩৬ মিলিয়ন অর্থাৎ ৩ কোটি ৬০ লক্ষ। এই প্রেক্ষাপটে ৩২০০ অস্ট্রেলিয়ানের ওপর পরিচালিত এক জরীপে দেখা গেছে, ৭২ শতাংশ (গ্রামাঞ্চল ও আঞ্চলিক এলাকায় ৮৬ শতাংশ) মানুষের সেই জনবিস্তারণ মোটেও কামনা নয়। ফলে নৌকায় আগত শরণার্থীসহ প্রশিক্ষণপ্রাপ্ত ও পেশাজীবীদের অভিবাসনের ক্ষেত্রে এ যাবত যে উদারতা অস্ট্রেলিয়া প্রদর্শন করেছে, তার আইনগত সংস্কার সাধনে লেবার ও লিবারেল কোয়ালিশন রক্ষণমুখী নীতি অনুসরণ করতে যাচ্ছে সন্দেহ নেই।

সেই সন্দেহ ও নির্বাচনী বৈতরণীতে ক্ষমতাসীন লেবার দলের রাজনৈতিক জয় ও অঙ্গীকার কতটুকু বাস্তবসম্মত, সে কথা জানতে ৪ আগস্ট অপরাহ্নে ধ্রেনভিলের কার্যালয়ে মুখোমুখি হই অস্ট্রেলিয়ার মাল্টিকালচারালিজম অ্যান্ড সেটেলমেন্ট সার্ভিস মন্ত্রনালয়ের পার্লামেন্টারী সেক্রেটারী (ডেপুটি মন্ত্রীর পদমর্যাদা সম্পন্ন) এবং রিড বা উরিওয়া এলাকার এমপি লরি ফার্গুসনের।

লরি ফার্গুসন অস্ট্রেলিয়ার লেবার রাজনীতিতে যুক্ত হয়েছেন ১৯৬৭ সালে এবং এমপি পদমর্যাদায় আছেন প্রায় ২৬ বছর। প্রথম ৬ বছর নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যের এমপি হিসেবে এবং পরবর্তী ২০ বছর কেন্দ্রীয় বা ফেডারেল এমপি হিসেবে। তার নিজস্ব দলে এথনিক বা বহুজাতিক কমিউনিটির অন্যতম সূত্রবন্ধন হিসেবে তিনি সমধিক পরিচিত। সিডনির বাঙ্গালী কমিউনিটিতেও তার সরব উপস্থিতি চোখে পড়ার মতো। তার বাবা জ্যাক ফার্গুসন ছিলেন নিউ সাউথ ওয়েলস অঙ্গরাজ্যের ডেপুটি প্রিমিয়ার। এক ভাই, এমপি মার্টিন ফার্গুসন বর্তমান জুলিয়া গিলার্ড কেবিনেটে জনসম্পদ, জনশক্তি ও

পর্যটন মন্ত্রী। ৫৮ বছর বয়সী এই প্রভাবশালী ও বামপন্থী রাজনীতিবিদের কাছে রাজনীতি হচ্ছে, জনগণের ভাগ্য পরিবর্তনে একটি সৎ ও অনুপ্রাণিত সরকারই হতে পারে সহায়ক শক্তি।

লরি ফার্গুসন জানালেন, এবারের নির্বাচনটি হবে তীব্র প্রতিযোগিতামূলক। ২০-৩০ টি 'হট রাইডিং বা কনস্টিটিউশি' হবে ক্ষমতা আহরণের নিয়ামক শক্তি; সেটাই ক্ষমতায় যাবার ভাগ্য নির্ধারন করবে। তবে লেবার পার্টি সে জন্য বসে নেই, জুলিয়া গিলার্ডের নেতৃত্বে আমরা নির্বাচনী প্রচারণা যথাযথ চালিয়ে যাচ্ছি। ভোটাররা নির্বাচন শেষে রাজনীতিবিদদের প্রতিশ্রুতি ভঙ্গ বাকরুদ্ধ হয়ে পড়েন, এমন প্রশ্নের জবাবে লরি জানালেন, লেবার দল বিশাল প্রতিশ্রুতি ভঙ্গ করেছে এমন নজির বা অপবাদ নেই, কারণ আমরাই আমাদের ভ্যানগার্ড। লিবারেলে কোয়ালিশন নেতা বর্তমান ক্ষমতাসীন লেবার দলকে যে ঋণের দুর্নাম দিয়েছে, এমন প্রশ্নের উত্তরে লরি জানালেন, ঋণ যা হয়েছে তা কর্মসংস্থান ও অবকাঠামো নির্মাণগত, এটি একটি ঘূর্ণয়নচক্র; অর্থাৎ ভবিষ্যতের ফলভোগিরাই তা পূরণ করবেন। প্রসঙ্গত তিনি উল্টো প্রশ্ন রেখে বলেন, অর্থনৈতিক ব্যবস্থাপনা বিষয়ে টনি এ্যাবট কেন জুলিয়া গিলার্ডের সাথে বিতর্ক এড়িয়ে গেলেন? স্বাস্থ্য খাতে লেবার দলের প্রতিশ্রুতি কতখানি যথাযথ জানতে চাওয়া হলে, লরি জানালেন, আমরা আমাদের স্বাস্থ্য ব্যবস্থাকে ব্যক্তি মালিকারীণ করতে চাই না, অথচ লিবারেলে তেমনটিই চাইছে। অস্ট্রেলিয়া সরকার অভিবাসনের ক্ষেত্রে মানবাধিকার ও শরণার্থীদের প্রতি বরাবরই সুবিবেচক থেকেছে, সেই প্রেক্ষিতে লেবার কী নতুন কোনো পরিকল্পনা বা নীতিমালার কথা ভাবছে? উত্তরে লরি জানালেন, আমরা মানবাধিকারের প্রতি শ্রদ্ধাশীল; কিন্তু তাই বলে নৌকায় করে অহরহ আসা মানুষকে ঠাই দেবার মতো সামর্থ্য আমাদের নেই। কার্যত অস্ট্রেলিয়া অভিবাসনের যে দ্বার উন্মুক্ত রেখেছে, সেটি কেবল মানবিকতার বহিঃপ্রকাশই নয়, বরং দায়িত্বশীলতার সাথে আমরা তাদের কর্মসংস্থানের বিষয়টিকে গুরুত্ব দিতে চাই। অস্ট্রেলিয়ায় পড়তে আসা বিদেশী ছাত্র-ছাত্রীদের অভিবাসনের দ্বারটি কী তা হলে বন্ধ হবে, এমন প্রশ্নের উত্তরে তিনি বললেন, আমরা তেমন রক্ষণশীলতা প্রদর্শন করতে চাই না। তবে যথাযথ শিক্ষা গ্রহণের পাশাপাশি তাদের উপযুক্ত কর্মসংস্থানমূলক অভিবাসন হোক, সেটা লেবার দল চায়। প্রধানমন্ত্রী হিসেবে জুলিয়া গিলার্ড কোনো প্রকার যোগ্যতা প্রদর্শন ব্যতিরেকেই এই নির্বাচন কী ডেকেছেন, এমন প্রশ্নের জবাবে তার উত্তরটি ছিল সরাসরি 'না'। তিনি বললেন, গিলার্ড অতি যোগ্যতা সম্পন্ন রাজনীতিবিদ এবং সরকার পরিচালনার মতো অভিজ্ঞতা তার আছে। একই সাথে জুলিয়া ও টনি উভয়েই তিনি যোগ্যতা সম্পন্ন 'নেতৃত্ব' বলে জানালেন। টনি এ্যাবট ধর্মভীরু ক্যাথলিক ও সাধারণ ইংরেজী বলায় অভ্যস্ত, পক্ষান্তরে জুলিয়া গিলার্ড নাস্তিক ও পরিশীলিত ইংরেজী বলায় অভ্যস্ত, এমন প্রশ্নের জবাবে লরি জানালেন, নেতৃত্বের ক্ষেত্রে মার্কিন যুক্তরাষ্ট্রের মতো অস্ট্রেলিয়ানরা ধর্মকে তেমনটা বিবেচনায় নেন না; অস্ট্রেলিয়ানদের কাছে গুরুত্ববহ হচ্ছে কে কতখানি যোগ্যতার অধিকারী। বিষয়টা এমন যে, যোগ্য একজন চিকিৎসক যদি নাস্তিকও হন, তার চিকিৎসা প্রদানের উপযুক্ততা বিবেচনা করাটাই শ্রেয়। নির্বাচনে লরি ফার্গুসনের প্রতিপক্ষ মিসরীয় বংশদ্ভূত লিবারেলের স্যাম এ্যাসকারোস সম্পর্কে অভিমত জানতে চাওয়া হলে, জানালেন, লিবারেলেদেরই বক্তব্য যে আমি তার জন্য যথেষ্ট 'হেভিওয়েট' প্রার্থী। তবু আমার প্রচারণায় কার্পন্য নেই। সবশেষে, জাতিসংঘ ঘোষিত আন্তর্জাতিক মাতৃভাষা দিবসকে কেন্দ্র করে বাংলাদেশীদের উদ্যোগে অ্যাশফিল্ড পার্কে নির্মিত ভাষা সৌধে উৎকীর্ণ 'কনজার্ড ইয়র মাদার ল্যাংগুয়েজ' সম্পর্কে আলোকপাত করা হলে লরি ফার্গুসন তার নিজস্ব ডাইরী খুলে জানালেন, 'ভাষাই মানুষের মানবিকতার প্রতিফলন, ভাষাই মানুষের সমাজবদ্ধতার প্রেরণা', আমি সেটাই আজীবন মনে-প্রাণে লালন করে এসেছি।

ইমেইল: bukhari.toronto@gmail.com

Sender:

Muhammad Ali Bukhari

1003-60 Richmond Street East

Toronto, ON M5C 1N8

Canada

Tel: (416) 356-9864, (416) 507-9864

